# গণভোট অধ্যাদেশ-২০২৫ খসড়ার অনুমোদন দিল উপদেষ্টা পরিষদ




সংগৃহীত ছবি

আসন্ন জাতীয় নির্বাচনের সঙ্গে গণভোট আয়োজনের প্রস্তুতির অংশ হিসেবে 'গণভোট অধ্যাদেশ-২০২৫'–এর খসড়া আনুষ্ঠানিকভাবে অনুমোদন করেছে উপদেষ্টা পরিষদ। মঙ্গলবার (২৫ নভেম্বর) প্রধান উপদেষ্টা ড. মুহাম্মদ ইউনূসের নেতৃত্বে অনুষ্ঠিত বৈঠকে এ অনুমোদন দেওয়া হয়।

এ অধ্যাদেশের মাধ্যমে জাতীয় ঐকমত্য কমিশনের প্রস্তাবিত বিভিন্ন রাজনৈতিক সংস্কার বিষয়ে সাধারণ মানুষের মতামত নেওয়ার পথ তৈরি হবে। তারই ধারাবাহিকতায়, নির্বাচন দিনের মধ্যেই গণভোট প্রক্রিয়া চালুর নীতিগত সিদ্ধান্ত আগে থেকেই জানিয়েছিল সরকার।

২০ নভেম্বর অনুষ্ঠিত বৈঠকে গণভোট সম্পর্কিত আইনের খসড়া অনুমোদন দেওয়া হয়। পরবর্তীতে জানানো হয়েছিল, অল্প সময়ের মধ্যেই অধ্যাদেশের চূড়ান্ত সংস্করণ সম্পন্ন হবে। সর্বশেষ বৈঠকে সেই প্রতিশ্রুতির বাস্তবায়ন ঘটল, যা গণভোট আয়োজনের আইনি ভিত্তি দৃঢ় করল।

LENS ASIA